

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩]

১/ কিতাবুল ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১০. যে ব্যাক্তি তাওহীদের উপর ইনতিকাল করবে, সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে - এর প্রমান

باب الدليل على أن من مات على التوحيد دخل الجنة قطعا

আরবী

حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ، حَدَّثَنَا سُلَيْمَانُ، - يَعْنِي ابْنَ الْمُغِيرَةِ - قَالَ حَدَّثَنَا ثَابِتٌ، عَنْ أَلَسِ بْنِ مَالِك، قَالَ حَدَيْثُ الْمُعْنِي مَحْمُودُ بْنُ الرَّبِيعِ، عَنْ عِتْبَانَ بْنِ مَالِك، قَالَ قَدِمْتُ الْمَدِينَةُ فَلَقِيتُ عِتْبَانَ فَقُلْتُ حَدِيثٌ بَلَغَنِي عَنْكَ قَالَ أَصَابَنِي فِي بَصَرِي بَعْضُ الشَّيْءِ فَبَعَتْتُ فَلَقِيتُ عِتْبَانَ فَقُلْتُ حَدِيثٌ بَلَغَنِي عَنْكَ قَالَ أَصَابَنِي فِي بَصَرِي بَعْضُ الشَّيْءِ فَبَعَتْتُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنِي أُحِبُّ أَنْ تَأْتِينِي فَتُصَلِّي فِي مَنْزِلِي فَأَتَّخِذَهُ مُصَلِّي وَهُو يُصَلِّي فِي مَنْزِلِي وَأَصْحَابُهُ يَتَحَدَّثُونَ بَيْنَهُمْ ثُمَّ أَسْنَدُوا عُظْمَ ذَلِكَ وَكِبْرَهُ إِلَى مَالِكِ وَهُو يُصِلّي الله عليه وسلم وَمَنْ شَاءَ اللَّهُ مِنْ أَصِحَابِهِ فَدَخَلَ وَهُو يُصِلِي الله عليه وسلم المَعْرَابُ هُ شَرِّ . فَقَضَى رَسُولُ اللّهِ بْنِ دُحْشُم قَالُوا وَدُّوا أَنَّهُ دَعَا عَلَيْهِ فَهَلَكَ وَوَدُّوا أَنَّهُ أَصَابَهُ شَرِّ . فَقَضَى رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الصَّلَاةَ وَقَالَ " أَلَيْسَ يَشْهَدُ أَنْ لاَ إِلهَ إِلاَّ اللَّهُ وَأَنِي رَسُولُ اللّهِ " . صلى الله عليه وسلم الصَّلاَة وَقَالَ " أَلَيْسَ يَشْهَدُ أَنْ لاَ إِلهَ إِلاَّ اللَّهُ وَأَنِي رَسُولُ اللّهِ قَالُوا إِنَّهُ يَقُولُ ذَلِكَ وَمَا هُوَ فِي قَلْبِهِ . قَالَ " لاَ يَشْهَدُ أَحَدٌ أَنْ لاَ إِلهَ إِلاَّ اللَّهُ وَأَنِي رَسُولُ اللَّهِ فَيَدْخُلُ النَّارَ أَوْ تَطْعَمَهُ " . قَالَ أَنْسٌ فَأَعْجَبَنِي هَذَا الْحَدِيثُ فَقُلْتُ لاَبْنِي اكْتُبُهُ فَكَتَبَهُ اللّهَ فَيَدْخُلُ النَّارَ أَوْ تَطْعَمَهُ " . قَالَ أَنْسُ فَأَعْجَبَنِي هَذَا الْحَدِيثُ فَقُلْتُ لاَبْنِي اكْتُبُهُ فَكَتَبَهُ

বাংলা

৫৬। শায়বান ইবনু ফাররুখ (রহঃ) ... মাহমুদ ইবনুর রাবী (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি মদিনায় এসে ইতবানের সাথে সাক্ষাৎ করে বললাম, আপনার কাছ থেকে একটি হাদীস আমার কাছে পৌচেছে ইতবান বললেন, আমার চোখে কোন এক রোগ দেখা দিলে আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে খবর পাঠালাম যে, আমার একান্ত আকাজ্জা, আপনি আমার কাছে তাশরীফ আনবেন এবং আমার গৃহে দু-রাকাআত সালাত আদায় করবেন। আপনার সালাত (নামায/নামাজ) আদায়ের স্থানটিকে আমি নিজের জন্য সালাত আদায়ের স্থান বানিয়ে নেব। তারপর আল্লাহ যাদের মনযুর করলেন, তাঁদের সাথে নিয়ে রাসুল তাশরীফ আনলেন, রাসুলাল্লাহ(সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) ঘরে ঢুকে সালাত আদায় করতে থাকলেন আর তাহার সাহাবীরা



পরস্পর কথাবার্তা বলছিলেন।

তারপর মালিক ইবনু দুখশুম-এর প্রতি তাদের দৃষ্টি আকৃষ্ট হল। তারা ইচ্ছা পোষণ করছিলেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মলিক ইবনু দুখশুম-এর জন্য বদ দুআ করুন যেন সে ধ্বংস হয়। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত সম্পন্ন করলেন এবং বললেন, সে কি সাক্ষ্য দেয় না যে, আল্লাহ ছাড়া ইলাহ নেই এবং আমি আল্লাহর রাসুল? তাঁরা আরয় করলেন, সে এ কথা বলে বটে, কিন্তু তার অন্তরে ঈমান নেই। রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যে ব্যাক্তি-আল্লাহ ছাড়া ইলাহ নেই এবং আমি আল্লাহর রাসুল- এ কথার সাক্ষ্য না দেবে সে জাহান্নামে প্রবেশ করবে! অর্থাৎ আগুন তাকে দগ্ধ করবে। আনাস (রাঃ) বলেন, হাদীসটি আমাকে বিস্মিত করেছিল। আমি আমার পুত্রকে বললাম, হাদীসটি লিখে নাও। তারপর সে তা লিখে রাখল।

English

It is narrated on the authority of 'Itban b. Malik that he came to Medina and said:

Something had gone wrong with my eyesight. I, therefore, sent (a message to the Holy Prophet): Verily it is my ardent desire that you should kindly grace my house with your presence and observe prayer there so, that I should make that corner a place of worship. He said: The Prophet (ﷺ) came there, and those amongst the Companions whom Allah willed also accompanied him. He entered (my place) and offered prayer at my residence and his Companions began to talk amongst themselves (and this conversation centered round hypocrites), and then the conspicuous one, Malik b. Dukhshum was made the target and they wished that he (the Holy Prophet) should curse him and he should die or he should meet some calamity. In the meanwhile the Messenger of Allah (may peace and blessings be upon him) completed his prayer and said: Does Malik b. Dukhshum not testify the fact that there is no god but Allah and verily I am the messenger of Allah. They replied: He makes a profession of it (no doubt) but does not do it out of (sincere) heart. He (the Holy Prophet) said: He who testifies that there is no god but Allah and I am the messenger of Allah would not enter Hell or its (flames) would not consume him. Anas said: This hadith impressed me very much and I told my son to write it down.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন